

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮০.৯৯-১৩২

তারিখ: ২৭/০৬/১৯

বিষয়: মরহম মোঃ আনোয়ার হোসেন, প্রাক্তন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর-এর পারিবারিক পেনশন ও  
লাম্পগ্রান্ট মঞ্জুরী।


সূত্র: ৩৪.০১.৫১০০.০০০.১৩.০০২.১৭-৭৫৭, তারিখঃ ১৫-০১-২০১৯খ্রিঃ।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন লক্ষ্মীপুর জেলার রায়পুর উপজেলা কার্যালয়ের প্রাক্তন অফিস সহকারী কাম-  
কম্পিউটার অপারেটর মরহম মোঃ আনোয়ার হোসেন-এর পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন  
সূত্রোক্ত পত্র মারফত আপনার দপ্তর হতে পাওয়া যায়। মরহমের চাকুরি বহি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে,  
তিনি এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান” শীর্ষক প্রকল্পের চাকুরিতে  
১৪-০১-১৯৯৯খ্রিঃ তারিখে যোগদান করেন। মরহমের উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হতে চাকুরিকাল গণনা  
করে ১৪-০১-২০০৭খ্রিঃ তারিখে ১ম, ১৪-০১-২০১১খ্রিঃ তারিখে ২য় ও ১৪-০১-২০১৪খ্রিঃ তারিখে প্রাপ্য ৩য়  
টাইমস্কেলে বেতন নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, মরহমের চাকুরি ০১-০৭-২০০৩খ্রিঃ তারিখ হতে রাজস্বখাতে  
স্থানান্তরিত হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-১২-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিধি-  
২০/(উঃস্কেল)/২০০৭-৯১ সংখ্যক আদেশ অনুযায়ী শুধুমাত্র রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল  
প্রদেয়।

২। এমতাবস্থায়, মরহম মোঃ আনোয়ার হোসেন-এর পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর সুবিধার্থে চাকুরি  
রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১-০৭-২০০৩খ্রিঃ হতে চাকুরিকাল গণনা করে প্রাপ্য টাইমস্কেল অনুযায়ী মূল  
বেতন পুনঃনির্ধারণ করে পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর প্রয়োজনীয় কাগজপত্র (এলপিসিসহ) পুনরায়  
প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। অর্থ মন্ত্রণালয়ের ৯১ সংখ্যক আদেশ।

২। মূল চাকুরি বহি।

  
(আ, ন, আহম্মদ আলী)

যুগ্ম-সচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

লক্ষ্মীপুর

অনুলিপিঃ

১। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রায়পুর, লক্ষ্মীপুর।

৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, রায়পুর, লক্ষ্মীপুর।

৪। জনাব মেহের নিগার, স্বামীঃ মরহম মোঃ আনোয়ার হোসেন, গ্রামঃ ছিখটিয়া, ডাকঃ রাজাপুর বাজার, উপজেলাঃ  
মনোহরগঞ্জ, জেলাঃ কুমিল্লা।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ঢাকা।